# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৭৭

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

الفصل الاول (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَيِ السَّاعَةِ وَذِكْرِ الدَّجَّالِ)

---

আরবী

وَعَن أمّ شريكٍ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَيَفِرَّنَّ النَّاسُ مِنَ الدَّجَّالِ حَتَّى يَلْحَقُوا بِالْجِبَالِ» قَالَتْ أُمُّ شَرِيكٍ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ فَأَيْنَ الْعَرَبُ يَوْمَئِذٍ؟ قَالَ: «هُمْ قَلِيلٌ» . رَوَاهُ مُسلم

رواه مسلم (125 / 2945)، (7393) ـ

(صَحِيح)

বাংলা

৫৪৭৭-[১৪] উম্মু শারীক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: লোকেরা দাজ্জালের (ফিতনাহ থেকে পলায়ন করবে, এমনকি পাহাড়-পর্বতসমূহে গিয়ে আশ্রয় নেবে। উম্মু শারীক (রাঃ) বলেন, আমি প্রশ্ন করলাম, হে আল্লাহর রাসূল! তখন ’আরব (মুজাহিদীনগণ) কোথায় থাকবেন? তিনি (সা.) বললেন, সংখ্যায় তারা খুবই কম হবে। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১২৫-(২৯৪৫), তিরমিযী ৩৯৩০, সহীহুল জামি ৫৪৬১, মুসনাদে আহমাদ ২৭৬৬১, সহীহ ইবনু হিব্বান ৬৭৯৭, আল মুজামুল কাবীর লিত্ব তবারানী ২০৭৫৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَيَفِرَّنَّ النَّاسُ مِنَ الدَّجَّالِ) মানুষেরা তথা মু'মিনগণ দাজ্জালের ভয়ে পালিয়ে পাহাড়ে আশ্রয় গ্রহণ করবে।

বর্ণনাকারী উম্মু শারীক (রাঃ) বলেন, হে আল্লাহর রাসূল! তখন আল্লাহর পথে জিহাদকারী ‘আরবগণ কোথায় থাকবে? নবী (সা.) উত্তরে বললেন, তখন ‘আরবগণ সংখ্যায় খুব কম থাকবে আর তারা তার সাথে প্রতিরোধ গড়ে তুলতে সক্ষম হবে না। (মিরক্বাতুল মাফাতীহ হা. ৫৪৭৭, শারহু নাবাবী হা. ২৯৪৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উম্মু শারীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85455

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন